গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং -৪৬.০০.০০০০.০৬৪.৩২.০০২.১২ (অংশ-১)- ৭০৬

তারিখঃ ২০ পৌষ ১৪৩২
০৪ জানুয়ারি ২০২৬

বিষয়: টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার প্রশাসনিক কাজে ব্যবহার তথা কাজের গতি ত্বরান্বিত করার লক্ষে একটি মোটর সাইকেল ক্রয়ের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: বাসাইল পৌরসভা হতে প্রাপ্ত পত্র নং-৩৩১ তারিখঃ ২০/১১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় এবং সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাসাইল পৌরসভায় সরকারের বার্ষিক উন্নয়ন প্রকল্পের বরাদ্দ ছাড়াও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে উন্নয়নমূলক কাজ চলমান রয়েছে। কাজগুলো পরিদর্শনের জন্য যাতায়াতসহ পৌরসভার প্রশাসনিক কাজে বিভিন্ন কার্যালয়ে জরুরি যোগাযোগের প্রয়োজন হয়। কিন্তু অত্র পৌরসভা কার্যালয়ে থাকা একটি মোটরসাইকেল দিয়ে উল্লিখিত কাজ করতে সমস্যা হয়। সে প্রেক্ষিতে জরুরি ভিত্তিতে একটি মোটর সাইকেল ক্রয় করার প্রশাসনিক অনুমোদনের জন্য প্রশাসক, বাসাইল পৌরসভা অনুরোধ করেছেন।

০২। অর্থ বিভাগের বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর ০৮/০৭/২০২৫ খ্রি. তারিখের ০৭নং স্মারকের বাজেট পরিপত্রের ক্রমিক নং "ক" ও "খ" এ উল্লেখ রয়েছে যে, অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র অনুযায়ী সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধনের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর/স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্তশাসিত সংস্থা ও অন্যান্য প্রতিষ্ঠানের ২০২৫-২৬ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেটের আওতায় সকল প্রকার যানবাহন ক্রয় বন্ধ থাকবে মর্মে নির্দেশনা রয়েছে।

৩। এমতাবস্থায়, টাঙ্গাইল জেলার বাসাইল পৌরসভার প্রশাসনিক কাজে ব্যবহার তথা কাজের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে একটি মোটর সাইকেল ক্রয়ের অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে..০২..ফর্দ।

০৪.০১.২৬
(মোঃ মোশারেফ হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫৭২
e-Mail: lgpaura2@lgd.gov.bd

সচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।